হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পুরনের নামে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলার হোগলবাড়িয়া হাজী ভরসউদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। স্কুলের পরীক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন কারণ দেখিয়ে অতিরিক্ত টাকা হাতিয়ে নিচ্ছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

হোগলবাড়িয়া হাজী ভরস উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় ফি আদায়ের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের কোনও নিয়ম নীতির তোয়াক্কা করছে না। অতিরিক্ত ফি আদায় নিয়ে শিক্ষার্থী ও অভিভাবক মহলে চাপা ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, এসএসসির ফরম পূরণে বিজ্ঞান বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৯৭০ টাকা এবং মানবিক বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৮৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। বোর্ড নির্ধারিত ফি’র চাইতে অতিরিক্ত ফি দিতে হিমশিম খাচ্ছেন অনেক অভিভাবক।

আবার অনেকেই তাদের ছেলে-মেয়ের ভবিষ্যত শিক্ষা জীবনের কথা চিন্তা করে ধার-দেনা করে টাকা দিতে বাধ্য হচ্ছেন। এতে অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ ও হতাশা লক্ষ্য করা গেছে।

একাধিক অভিভাবক অভিযোগ করে বলেন, শিক্ষকরা টাকা ছাড়া কিছুই বোঝেন না। শিক্ষকরা শিক্ষাকে ব্যবসা হিসেবে নিয়েছে।

প্রধান শিক্ষক মো: মহিদুজ্জান জানান, আমরা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি বাইরে একটি টাকাও নিচ্ছিনা। তবে তিনি বলেন আমরা শিক্ষার্থীদেও কাছ থেকে ২০২০ সালের মার্চ পর্যন্ত বেতন নিয়েছি। অন্য বছরের বেতন নিতে পারেন কি না জানতে চাইলে কোন মন্তব্য করেননি।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন,

হাজী ভরসউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত ফিস নেওয়ার নিয়ম আছে।

অতিরিক্ত মাসের মাসিক বেতন নেওয়ার নিয়ম সংক্রান্ত কাগজপত্র দেখতে চাইলে, তিনি বলেন বোর্ড থেকে আমরা কোন নোটিশ পাইনা।

সাংবাদিকরা বোর্ড কর্তৃক অতিরিক্ত মাসের বেতন ও এসএসসির ফিস বেশি নেওয়ার নিয়ম নেই এ সংক্রান্ত কাগজ শিক্ষা অফিসারকে দেখালে তখন তিনি বলেন বিষয়টি আমার জানা নেই।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলার রহমান জানান, বোর্ড কর্তৃক নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত টাকা নিলে ব্যবস্থা নেয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমিটির যাচাই বাছায় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বিকেলে উপজেলা প্রশাসন আয়োজিত পরিষদের সভা কক্ষে অনুষ্ঠানে সঞ্চালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

সাবেক এমপি ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন এর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এ সময় মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, সাংবাদিক আমিরুল ইসলাম, রমজান আলি, ফারুক আহম্মেদ, এ সিদ্দিকী শাহীন, তোফায়েল আহম্মেদ বক্তব্য রাখেন।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এবং সংগঠনের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করেন এবং ইউএনও মহোদয় সর্বদা সিএফএইচের সাথে থেকে সার্বিকভাবে সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর বিআরটিএ অফিসের দালাল সুমনের ১ মাসের জেল

মেহেরপুর বিআরটিএ- তে মোটরসাইকেলের লাইসেন্সের জন্য ঘুষ গ্রহণের সময় সুমন নামের এক দালালকে হাতেনাতে আটক করে এক মাসের জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। আটক সুমন মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের হানিফের ছেলে।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর বিআরটিএ কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে সুমন নামের এক যুবককে এক মাসের জেল দেয় ভ্রাম্যমাণ আদালতের বিচারক সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম আরাফাত হোসেন।

জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার কালাচাঁদপুর গ্রামের দাউদ আলিফ ছেলে ইউসুফ আলী মোটর সাইকেলের কাগজপত্র করার জন্য কয়েকদিন ধরে বিআরটিএ- তে ঘোরাঘুরির একপর্যায়ে কাগজপত্র ঠিক করতে না পেরে নিরাশ হচ্ছিল।

তখন দালাল সুমন তাকে বলে দুই হাজার টাকা দিলে কাজ করে দেব। বিষয়টি ইফসুফ জেলা প্রশাসক মো: আতাউল গনিকে অবহিত করেন। পরে ওই টাকার নমুনা রেখে ইউসুফ সুমনকে ২ হাজার টাকা প্রদান করেন।

এর পরপরই সহকারি কমিশনার এম এম আরাফাত হোসেন ঘুষ গ্রহণকারী সুমনকে হাতেনাতে আটক করেন ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দন্ডবিধির ১৮৬০ এর ৭১(৬) ধারায় এক মাস কারাদন্ড দেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে র্যাব ক্যাম্প পরিদর্শন করলেন দুই লেঃ কর্ণেল

মেহেরপুর জেলার গাংনী উপজেলা র্যাব ক্যাম্প পরিদর্শন করলেন লেঃ কর্ণেল পদমর্যাদার দু’জন কর্মকর্তা তাঁরা হলেন- লেঃ কর্ণেল ইউসুব সালেহীন (সিও) র্যাব-৬ ও লেঃ কর্ণেল রাকিবুল ইসলাম (সিও) র্যাব হেড কোয়াটার।

গতকাল শনিবার সকালে তাঁরা গাংনী র্যাব ক্যাম্প পরিদর্শন শেষে হেলিকপ্টার যোগে তাঁদের নিজ কর্মস্থলে ফিরে যান। কর্মকর্তারা ফিরে যাওয়ার সময় গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে হেলিকপ্টার দেখার জন্য মাঠের চারিপাশে উৎসুক জনতার ভীড় লক্ষ্য করা গেছে।

এ সময় আরো উপস্থিত ছিলেন, খুলনা সদর হেডকোয়াটারের ডিএডি জামান, পিও আজাদ হোসেন, ঝিনাইদহ ক্যাম্প কমান্ডার মাসুদুর রহমান, ডিএডি মনিরুজ্জামানসহ বামন্দি ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্সের ভারপ্রাপ্ত ষ্টেশন অফিসার ও তাঁর সহযোগীবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের কাউন্সিল বন্ধ!

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগ সম্মেলনের দিন ৩০ নভেম্বর গতকাল শনিবার নির্ধারিত থাকলেও কোন নির্দিষ্ট কারণ ছাড়াই তা বন্ধের নির্দেশ দিয়েছেন গাংনী উপজেলা

আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসানের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

হঠাৎ করে এ ধরনের সিদ্ধান্তে ক্ষুদ্ধ ওই ইউনিয়নের সংশ্লিষ্ট নেতাকর্মীরা। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক নেতাকর্মীদের অনুরোধে বিষয়টি সরেজমিনে দেখার জন্য ওই এলাকায় যান।

সেখানে গিয়ে তিনি প্যান্ডেল তৈরীর আংশিক কাজ করা হয়েছে দেখতে পান। তবে বাকী কাজ বন্ধের বিষয়টিও তিনি জানতে পারেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক জানান, সংশ্লিষ্ট এলাকায় গিয়ে তিনি সরেজমিনে গিয়ে দেখেছেন কাউন্সিলের জন্য প্রস্তুতির আংশিক সম্পন্ন হয়েছে তবে জেলা কমিটির সাথে এলাকার নেতাকর্মীদের সাথে কোন আলোচনা বা সমন্বয় না করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন কেন বন্ধ করা হলো এ বিষয়টি আমার বোধগম্য নয়।

তবে তিনি ক্ষুদ্ধ নেতাকর্মীদের সাংগঠনিক নিয়মে ধৈর্য্যধারণ করার পরামর্শ দেন এবং যত তাড়াতাড়ি সম্ভব পুনরায় সম্মেলনের দিন তারিখ নির্ধারণ করে তা জানিয়ে দিবেন বলে আশ্বস্ত করেন।

তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগে কাউন্সিল বিষয়ে মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, যেহেতু থানা কাউন্সিল এখন হচ্ছে না তাই তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের কাউন্সিলটি পরে কোন এক দিন করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

কেরুজ চিনিকলকে মডেল হিসেবে তুলে ধরা হবে

উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনাকালে আলী আজগার টগর এমপি বলেছেন, চিনি শিল্পের মেরুদন্ড ভেঙে পরছিলো। চরম বিপর্যয়ের মুখে ছিলো

দেশের চিনি শিল্প। এ বিপর্যয় থেকে চিনি শিল্পকে বাচাতে সরকার গ্রহণ করেছে নানামুখি পদক্ষেপ।

রুগ্ন শিল্পকে রক্ষায় শ্রমিক-কর্মচারি ও আখচাষিদের সুবিধার্থে যে সাশ্রয় নিতি গ্রহন করা হয়েছে তা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। এ মিলের লোকসানের বোঝা কমাতে শ্রমিক-কর্মচারি ও কর্মকর্তাদের আরো দক্ষ, কর্মঠ্য, দূরদর্শিতা, নিষ্টা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে।

আখচাষিরাই মিলের প্রাণ। গতকাল শুক্রবার বিকালে আখমাড়ায় উদ্বোধন কালে তিনি এ সব কথা বলেন।
এমপি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদানে কেরুজ চিনিকলকে মডেল হিসেবে তুলে ধরা হবে গোটা দেশে। কেরুজ চিনিকলকে আধুনিকায়ন করতে ইতিমধ্যেই বিভিন্ন কর্মসূচিহাতে নিয়েছে। চাষিদের কথা চিন্তা করে ইতিমধ্যেই কয়েক দফায় আখের মূল্য বৃদ্ধি করা হয়েছে।

আখচাষিদের ভোগান্তি লাঘবে আধুনিক পদ্ধতিতে মোবাইল ম্যাসেজের মাধ্যমে যেমন পুজি দেয়া হচ্ছে, তেমনি ঘরে বসেই আখের মূল্য পাচ্ছে কৃষকরা। যুগযুগ ধরে চাষিকূল আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে সমৃদ্ধ করেছে। কৃষি বান্ধব এ সরকার কৃষকের সকল সুবিধা নিশ্চিত করতে হাতে নিয়েছে বিভিন্ন কর্মসূচি।

গত বছর লোকসান গুনলেও এবার লাভের আশা নিয়ে আখ মাড়াইয়ের যাত্রা শুরু করলো চিনিকল কর্তৃপক্ষ।
কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক জাহেদ আলী আনছারীর সভাপতিত্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলী।

এসময় উপস্থিত ছিলেন সকার কর্পোরেশনের চিফ ইঞ্জিনিয়ার এনায়েত হোসেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাবেক চুয়াডাঙ্গা পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ ইন্সপেক্টর মাহাবুব রহমান, দামুড়হুদা উপজেলা

আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) মোশারফ হোসেন, জি এম প্রশাসন দিলিপ কুমার , ডিজিএম (ফার্ম) হুমায়ূন কবির, ডিজিএম (বীজ এগ্রো) উত্তম কুমার কুন্ড, ডিজিএম (স¤প্রসারণ) হাজী আনোয়ার হোসেন, ডিষ্টিলারি (বিক্রয়) শেখ সাহাবুদ্দিন, শাহদত হোসেন, আব্দুল ফাত্তাহ, বদরুল

আলম, রাজিবুল হাসান, সহসভাপতি ফারুক আহম্মেদ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, যুগ্নসম্পাদক খবির উদ্দিন, সাবেক সভাপতি হাফিজুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, শ্রমিক নেতা ফিরোজ আহমেদ সবুজ, মোস্তাফিজুর রহমান, প্রমুখ।

গিয়াস উদ্দিনের উপস্থাপনায় অনুষ্ঠিত সভা শেষে দোয়া পরিচালনা করেন, কেরুজ জামে মসজিদের পেশ ইমাম হাজি আব্দুল খালেক।

পরে ২০১৮-১৯ আখ মাড়াই মৌসুমে সর্বোচ্চ আখ চাষের স্মারক তুলে দেন দর্শনা পৌর এলাকার কেরুজ ২ নং ইউনিটের আখ চাষী কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলী, কেরুজ মিলগেট (পশ্চিম) এর পরানপুর গ্রামের আখচাষী ইনতাজুল ও মিলগেট পূর্ব আখচাষী আওয়াল হোসেনের হাতে। এ মৌসুমে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশেনের বেধে দেয়া নির্ধারিত লক্ষমাত্রার মধ্যে রয়েছে।

চিনিকল সুত্রে জানা গেছে এ মৌসুমে ৭.৬% শতাংশ চিনি আহরনের গড়হার ধরে ৯০ কার্যদিবসে, ১ লাখ ৭ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৭ হাজার মেট্রিক টন চিনি উৎপাদনের লক্ষ মাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বছর চিনি কলের নিজস্ব জমিতে ১ হাজার ৬৪০ একর সহ মোট ৭ হাজার ৩৭৫ একর জমিতে দÐ◌ায়মান আখ রয়েছে।

তবে ধারণা করা হচ্ছে আখ মাড়াইয়ের ক্ষেত্রে লক্ষমাত্রা অর্জন হতেও পারে। চলতি মৌসুমে ৮০ বছরের পুরোনো মিলটি বড় ধরণের যান্ত্রিক ত্রæটির কবলে না পরলে লোকসান থাকবে না বলে আশাবাদি কতৃপক্ষ। চিনিকলের ক্যান কেরিয়ার চত্তরে অনুষ্ঠিত সংক্ষিপ্ত আলোচনাসভা ও দোয়া মাহফিলের পরপরই ডোঙায় আখ নিক্ষেপের মধ্যদিয়ে মাড়াই যাত্রার উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি) সহ মিল কতৃপক্ষ।

- দর্শনা প্রতিনিধি

মহিলাদের সাবলম্বী করতে সরকার নিরলস কাজ করছে সরকার-প্রতিমন্ত্রী ফরহাদ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, বর্তমান সরকার শেখ হাসিনা নারীদের আত্ম কর্মসংস্থানের জন্য পুরুষের পাশাপাশি ব্যাপক ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করেছেন। মহিলারা নিজের পায়ে দাড়াতে পারে এই জন্য সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর মহিলা সংস্থার উদ্যোগে মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের চেক বিতরণ করার সময় এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফারহাদ হোসেন এমপি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নেওয়ার জন্য বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই তুলে দিচ্ছে, স্কুলের পরিবেশ সুন্দর হচ্ছে। ১৫ বছর আগে দেশের যে চিত্র ছিলো এখন আর তা নেই।

অর্থনৈতিক উন্নয়নের কারণে দেশের মানুষ কেউ পুষ্টিহীন নেই। সবই হচ্ছে আওয়ামী লীগ সরকারের আমলে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪১ সালে আমাদের এই দেশ বিশ্বের একটি উন্নয়ন সমৃদ্ধি দেশ হিসেবে দেখতে চাই।

সদর উপজেলা নিবার্হী অফিসার মাসুদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি।

স্বাগত বক্তব্য রাখেন জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান শামিম আরা হিরা। পরে ৫০ জন মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ৭ লক্ষ ৫০ হাজার টাকার চেক বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

অনুষ্ঠানে ইতোপূর্বে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ী আলমডাঙ্গা ডিগ্রী কলেজ, আলমডাঙ্গা সরকারি মাধ্যমিক বিদ্যালয়, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়, ব্রাইট মডেল স্কুল ও আল ইকরা ক্যাডেট একাডেমির শিক্ষার্থীর মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে বক্তাগণ বলেন, বন্ধু সংগঠণ শুধু সামাজিক দায়িত্ব পালন করছে না, সাথে সাথে সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে উদাহরণ সৃষ্টি করে চলেছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি